# সাস্টবার্তা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ত্রৈমাসিক মুখপত্র ॥ ৫১-৫২তম সংখ্যা ॥ জুলাই-ডিসেম্বর ২০২২ ॥ আষাঢ়-পৌষ ১৪২৯



মহান বিজয় দিবসে পুষ্পস্তবক অর্পণ করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## মহান বিজয় দিবস উদযাপিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে গত ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় সংগীত পরিবেশনের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ, বিজয় শোভাযাত্রা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

সকাল ৭.৩০ মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলন শেষে তিনি সকাল ৭.৫০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারে এবং সকাল ৮.৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শহিদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, সিন্ডিকেট সদস্যবৃন্দ, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, প্রক্টর, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্রছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

ভাইস চ্যান্সেলরের শ্রদ্ধাঞ্জলির পর শিক্ষক সমিতি, ডিনস ফোরাম, অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হল প্রশাসন, ছাত্র সংগঠন ও সাংস্কৃতিক সংগঠনসমূহ পুষ্পস্তবক অর্পণ করে। পরে সকাল ৯টা ৩০মিনিটে ভাইস চ্যান্সেলরের নেতৃত্বে ক্যাম্পাসে বিজয় শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। শোভাযাত্রাকালে তিনি পায়রা ও বেলুন উড়িয়ে বিজয় শোভাযাত্রাকে এগিয়ে নিয়ে যান। শোভাযাত্রাটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরে এসে সমাপ্ত হয়।

শোভাযাত্রা শেষে বঙ্গবন্ধু চত্বরে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সবাইকে বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে বলেন, বিজয় দিবসের শপথ হোক-আগামীর বাংলাদেশ হবে রাজাকার মুক্ত বাংলাদেশ। জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে জাতির জনক শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানাচ্ছি। স্বাধীনতা ও বিজয়ের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর শহিদ

পরিবারবর্গ ও স্বাধীনতা যুদ্ধে নিহত ৩০ লক্ষ শহিদের স্মরণ করে তাঁদের আত্মার মাগফিরাত কামনা করছি। সকল স্তরের শহিদদের প্রতি তিনি স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় তাঁদের আত্মত্যাগের জন্য কৃতজ্ঞতা জানান।

সকাল ১০টায় 'ডি' বিল্ডিং গ্রাউন্ডে স্কুলের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ভাইস চ্যান্সেলর চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠান পরিদর্শন করেন। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পরে ১১টায় হ্যান্ডবল মাঠে বিজয় দিবসের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

বিকাল ৩টায় মুক্তমঞ্চে ছাত্রছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## শাবিপ্রবির নতুন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. ফজলুর রহমান

গত ৩১ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ শাখার অতিরিক্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) হিসেবে যোগদান করেন।

শাবি অফিসার্স এসোসিয়েশনসহ বিভিন্ন এসোসিয়েশনের নেতৃবৃন্দ নতুন রেজিস্ট্রারকে ফুলেল শুভেচ্ছা জানান।

নবনিযুক্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন।

তিনি ১৫ আগস্ট, ১৯৯৫ সহকারি রেজিস্ট্রার হিসেবে এ বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন। এর আগে তিনি বাংলাদেশ ব্যাংকে কর্মকর্তা হিসেবে কাজ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা বিষয়ে লেখাপড়া করেন।

তাঁর গ্রামের বাড়ি নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলা ধনিয়াগাঁও গ্রামে।

## রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেনের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

গত ২১ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন-২ এর সম্মেলন কক্ষে দুপুর ১২টায় বিদায়ী রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেনের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দক্ষ রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেনের আজ শেষ কর্ম দিবস। সময়ের পরিক্রমায় আমাদের সকলকে একে একে অবসরে যেতে হবে। তবে যে কোনো বিদায় বেদনাদায়ক। আমি বিদায়ী রেজিস্ট্রারের সুস্থ ও সুন্দর জীবন কামনা করছি।

এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন শাবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম। এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত রেজিস্ট্রার ফজলুর রহমান, অতিরিক্ত রেজিস্ট্রার সৈয়দ সলিম মো. আবদুল কাদির, ডেপুটি রেজিস্ট্রার আ ফ ম মিফতাউল হক, সহকারী রেজিস্ট্রার সেলিনা চৌধুরী, প্রশাসনিক কর্মকর্তা অসিত কুমার সূত্রধর।



রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেনের বিদায় সংবর্ধনা

বিদায়ী বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন বলেন, জীবনের উল্লেখযোগ্য সময় আমি এই বিশ্ববিদ্যালয়ে কাটিয়েছি। বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের জন্য নিজেকে সর্বদা সচেষ্ট রেখে কাজ করে গিয়েছি। বিদায় বেলায় আমি শুধু বলতে চাই আপনাদের সকলকে আমি ভুলতে পারবো না। মানসিকভাবে আমি সর্বদা আপনাদের পাশেই থাকবো।

বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার মো. ইউনুস আলী অনুষ্ঠান সঞ্চালনা করেন।




দুর্নীতি বিরোধী সভায় অতিথিবৃন্দ

## দুর্নীতি বিরোধী সভা অনুষ্ঠিত

গত ১৮ ডিসেম্বর সকাল সাড়ে ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে দুর্নীতি বিরোধী সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, সুশাসন প্রতিষ্ঠার জন্য দুর্নীতি প্রধান বাঁধা। দুর্নীতির করাল গ্রাস থেকে মুক্তি পেতে প্রাতিষ্ঠানিক এবং ব্যক্তি পর্যায়ে সততা, জবাবদিহিতা এবং দেশপ্রেমের বিকাশ এবং লালন করতে হবে। প্রত্যেককেই নিজের উপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করতে হবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মোহাম্মদ মস্তাবুর রহমান, ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, প্রফেসর ড. রহমত আলী, প্রফেসর ড. মো. আজিজুল বাতেন, প্রফেসর ড. ফারজানা সিদ্দিকা।

সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন শাবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম এবং সঞ্চালনা করেন উপ-রেজিস্ট্রার আ. ফ. ম মিফতাউল হক।

সভায় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানগণ অংশগ্রহণ করেন।

## সৈয়দ মুজতবা আলী হলের বর্ধিতাংশের উদ্বোধন

গত ২ সেপ্টেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সৈয়দ মুজতবা আলী হলের বর্ধিতাংশের উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন।

সকাল ১০.৪৫ মিনিটে প্রথমে তিনি বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। ১১টায় ফিতা কেটে সৈয়দ মুজতবা আলী হলের সামনে বর্ধিতাংশের উদ্বোধন করেন।

উদ্বোধন শেষে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের



সৈয়দ মুজতবা আলী হলের বর্ধিতাংশের উদ্বোধন করছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন

সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. আখতারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর আমিনা পারভীন, সৈয়দ মুজতবা আলীর ভাইয়ের ছেলে সৈয়দ রুহুল আমিন, প্রবীর সহযোগী অধ্যাপক মো. ইশরাত ইবনে ইসমাইল, ছাত্র প্রতিনিধি খলিলুর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু সাইদ আরেফিন খান।



তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণে অতিথিবৃন্দের সঙ্গে প্রশিক্ষণার্থীবৃন্দ

## তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ০৪ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি) সম্মেলন কক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির অংশ হিসেবে তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন খুব গুরুত্বপূর্ণ কাজ। সকলের সম্মিলিত প্রচেষ্টা আমাদের এই চুক্তি বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করবে। জনগণের করের টাকায় আমাদের এই বিশ্ববিদ্যালয় পরিচালিত হয়। তাই সকলের তথ্য পাওয়ার অধিকার আমাদের নিশ্চিত করতে হবে। সবাইকে নিজ কাজে সৎ, স্বচ্ছ এবং সময়নিষ্ঠ হতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সিনিয়র সহকারী পরিচালক মো. গোলাম দস্তগীর, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইউজিসির সিনিয়র সহকারী পরিচালক রবিউল ইসলাম।

সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. মো. মাহবুবুল হাকিম এবং সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের উপরেজিস্ট্রার এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের ফোকাল পয়েন্ট আ ফ ম মিফতাউল হক।

## সামাজিক বিজ্ঞান অনুষদের আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

গত ১৫ ও ১৬ সেপ্টেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটরিয়ামে সামাজিক বিজ্ঞান অনুষদের আয়োজনে "International Conference on Bangladesh at 50: Achievement, Prospects and Challenges" শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বাংলাদেশ এই স্বাধীনতার ৫০ বছরে অনেক কিছুই অর্জন করেছে। ইতিবাচক প্রবৃদ্ধি, খাদ্য উৎপাদন, মানব উন্নয়ন সূচকে সন্তোষজনক অগ্রগতি, বৈদেশিক মুদ্রা অর্জনে ঊর্ধ্বগতি, মাথাপিছু আয় বৃদ্ধিসহ অনেক ক্ষেত্রেই আমরা অনুকরণীয়। আগামী দিনগুলোতে জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তর করাই সবচেয়ে বড় চ্যালেঞ্জ। সে লক্ষ্যেই আমাদের সকলকে কাজ করে যেতে হবে।

অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, স্বাগত বক্তব্য রাখেন স্কুল অব সোস্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. দিলারা রহমান, ধন্যবাদ জ্ঞাপন বক্তব্য রাখেন পলিটিক্যাল স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. জায়েদা শারমিন। সঞ্চালনা করেন অর্থনীতি বিভাগের প্রফেসর ড. মুনতাহা রকিব।



সামাজিক বিজ্ঞান অনুষদের আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য রাখছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন

## জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ

গত ০৩ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি) সম্মেলন কক্ষে সকাল নয়টা থেকে দুই দিনব্যাপী জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কাজে গতি ও স্বচ্ছতা আনতে এই কর্মসূচির আয়োজন করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের ৩১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

সকাল ৯টা ৩০মিনিটে কর্মসূচির উদ্বোধন করা হয়। এতে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মসূচিতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সচিব ড. ফেরদৌস জামান।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী ইশতেহার। বিগত নির্বাচনের ইশতেহার বাস্তবায়নে সরকারের বিভিন্ন কর্মকৌশলের সাথে এই বিশ্ববিদ্যালয়ও নিরলসভাবে কাজ করে যাচ্ছে।



জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণে অতিথিদের সঙ্গে প্রশিক্ষণার্থীবৃন্দ

প্রতিষ্ঠানের দক্ষতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, গতিশীলতা আনয়ন ও সেবার মান উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জরুরী। কর্তব্যনিষ্ঠা এবং সততার মাধ্যমে এই চুক্তি বাস্তবায়নে শাবিপ্রবি বদ্ধপরিকর।

এতে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক মো. ইশরাত ইবনে ইসমাইল এবং সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের ফোকাল পয়েন্ট আ ক ম মিফতাউল হক।

কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে যুক্ত ছিলেন ইউজিসির সিনিয়র সহকারী পরিচালক মো. গোলাম দস্তগীর এবং সিনিয়র সহকারী পরিচালক রবিউল ইসলাম।

## অগ্নিপ্রতিরোধ, নির্বাপণ ও উদ্ধার বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত

গত ২৮ ও ২৯ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে অগ্নিপ্রতিরোধ, নির্বাপণ ও উদ্ধার বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ২৮ নভেম্বর এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, অগ্নি-প্রতিরোধ, নির্বাপণ ও উদ্ধার বিষয়ক আজকের এই প্রশিক্ষণ কর্মসূচি খুব প্রয়োজনীয়। বিশ্ববিদ্যালয়ের সম্পদ আকস্মিক দুর্ঘটনার হাত থেকে রক্ষার জন্য আজকের কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

এতে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ারুল ইসলাম, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, হল প্রভোস্ট, ইনস্টিটিউটের পরিচালক, দপ্তর প্রধান, সিলেট ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের উপপরিচালক মনিরুজ্জামান।



অগ্নিপ্রতিরোধ, নির্বাপণ ও উদ্ধার বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। প্রশিক্ষণ কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তারক্ষিদের হাতে-কলমে অগ্নি প্রতিরোধ, নির্বাপণ ও উদ্ধার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

গত ২২ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইআইসিটির সেমিনার রুমে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সমাপনীপর্ব অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসেবে ২০২৩ সালের মধ্যে দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে পেপারলেস অফিস ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন ও পেপারলেস অফিস করার ক্ষেত্রে ই-নথি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কাজে গতি বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার জন্য ই-নথি ব্যবস্থা জোরদারের জন্য আয়োজিত তিনদিনের এই কর্মশালা আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন শাবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ডিন প্রফেসর ড. মো. খায়রুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, ইউজিসির উপপরিচালক মোহাম্মদ মনির উল্লাহ। এ সময় অন্যান্যের মধ্যে ছিলেন ইউজিসির ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এবং ট্রেনিং বিভাগের সিস্টেম ইঞ্জিনিয়ার বিজেন্দ্র চন্দ্র দাস এবং বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের ফোকাল পয়েন্ট আ ক ম মিফতাউল হক।

এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের ২০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## আইপিই এবং আলটেরিওর ইঞ্জিনিয়ারিংয়-এর মধ্যে মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষরিত

গত ১৮ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন এন্ড ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগে আইপিই এবং আলটেরিওর ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষরিত হয়। এতে আইপিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ মাহমুদ হাসান এবং আলটেরিওর ইঞ্জিনিয়ারিং এর পক্ষে চিফ এক্সিকিউটিভ অফিসার ইঞ্জিনিয়ার শেখ রিফাত বিন আলী স্বাক্ষর করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, শিক্ষার্থী এবং শিক্ষকদের দক্ষ ও ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রয়োজনীয় যোগ্যতা পূরণে আজকের এই এমওইউ কার্যকরী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো.



আইপিই এবং আলটেরিওর ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর

আনোয়ারুল ইসলাম, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, প্রফেসর ড. আহমেদ সায়েম। আলটেরিয়র ইঞ্জিনিয়ারিংয়ের পক্ষে ইঞ্জিনিয়ার সৈয়দ বিন ওসমান।

## ফলাফল ভিত্তিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

গত ২৭ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে 'Introduction to Outcome Based Education: Hands on Workshop' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, শিক্ষার গুনগত মান বৃদ্ধি করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন সদা তৎপর। আমাদের মনে রাখতে হবে ভাল বীজে ভাল ফসল। শিক্ষকরাই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মূল কারিগর। তাই তাদের যথাযথ প্রশিক্ষণ প্রয়োজন। সারা বিশ্বের মত এই বিশ্ববিদ্যালয়েও আউটকাম বেজড এডুকেশন প্রক্রিয়া শুরু হচ্ছে। অচিরেই এর সুফল বিশ্ববিদ্যালয় পাবে।

এ সময় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মাজহারুল ইসলাম।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মো. মুহসিন আজিজ খান এবং অনুষ্ঠান সমন্বয় করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ইশরাত ইবনে ইসমাইল ও ড. মো. মাহবুবুল হাকিম।

কর্মশালায় বিভিন্ন অনুষদের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।



মানসিক স্বাস্থ্য ও কর্মক্ষেত্রে চাপ ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

## মানসিক স্বাস্থ্য ও কর্মক্ষেত্রে চাপ ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

গত ৫ ডিসেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)-এর সম্মেলন কক্ষে, সামাজিক বিজ্ঞান অনুষদের আয়োজনে বিভিন্ন বিভাগের নারী শিক্ষকদের নিয়ে সকাল সাড়ে ৯টায় "মানসিক স্বাস্থ্য, কর্মক্ষেত্রে চাপ ব্যবস্থাপনা ও শিক্ষার্থীদের ইতিবাচক কর্মকাণ্ডে উদ্দিপ্ত করা" বিষয়ক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, শিক্ষার গুনগত মান বজায় রাখতে শিক্ষক এবং শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের উন্নয়ন জরুরী। একজন মানসিক ও শারীরিকভাবে সুস্থ মানুষই দক্ষতার সাথে কর্মক্ষেত্রে অবদান রাখতে পারে। এ বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে মানসিক স্বাস্থ্যের উন্নতি ও কাউন্সিলিং প্রদানের জন্য সাইকোলজিস্ট নিয়োগ করা হয়েছে। শিক্ষার্থীদের জন্য প্রত্যেক বিভাগে নারী ও পুরুষ ছাত্র উপদেষ্টা নিয়োগ করা হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর আমিনা পারভীন।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. জায়েদা শারমিন এবং কর্মশালায় প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলিং সাইকোলজিস্ট ফজিলাতুন্নেসা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. দিলারা রহমান, সঞ্চালনা করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ফারজানা সিদ্দিকা এবং সমাজবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. তানজিনা চৌধুরী।



গবেষণায় নৈতিকতা বিষয়ে ওয়ার্কশপে বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

## গবেষণায় নৈতিকতা বিষয়ে ওয়ার্কশপ অনুষ্ঠিত

গত ১ নভেম্বর সকাল ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে 'Workshop on the Ethical Approval' অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, শুধু গবেষণা করলেই হবে না। গবেষণার ইথিক্যাল ব্যাপারগুলো যথাযথ মূল্যায়ন না করলে গবেষণার মানদণ্ড আন্তর্জাতিক পর্যায়ে যেতে পারবে না। আমরা ইতোমধ্যে এই বিশ্ববিদ্যালয়ে ইথিকস বোর্ড গঠন করেছি। ইথিকস বোর্ডের মাধ্যমে এই বিশ্বদ্যিালয়ের গবেষণাগুলোতে গবেষণা ইথিকস যথাযথভাবে প্রয়োগ করা হবে।

এতে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. আবদুল গনি।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম এবং প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মো. মুহসিন আজিজ খান এবং অনুষ্ঠান সমন্বয় করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ইশরাত ইবনে ইসমাইল ও ড. মো. মাহবুবুল হাকিম।

কর্মশালায় সামাজিক বিজ্ঞান অনুষদের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## পিএমই বিভাগে সেমিনার অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (পিএমই) বিভাগের উদ্যোগে গত ০৬ ডিসেম্বর দিনব্যাপি বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের গ্যালারিতে "PetroMania 2022" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এম. ফরহাদ হাওলাদারের




পিএমই বিভাগের সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি অনুষদের ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম ও জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার সোয়েব আহমেদ মতিন প্রমুখ।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ সংশ্লিষ্ট বিষয়ে বক্তব্য রাখেন।

উক্ত সেমিনার দুটি ভাগে বিভক্ত ছিল। প্রথম পর্বে ছিল Technical Talk এবং দ্বিতীয় পর্বে ছিল Career Talk. Technical Talk পর্বে "An overview of drilling and work over operations of Gas/Oil well with their major drilling challenges and solutions" শিরোনামের উপর Presentation দেন সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর মহাব্যবস্থাপক (অপারেশন) ইঞ্জিনিয়ার আব্দুল জলিল প্রামানিক।

দ্বিতীয় পর্বে "Operation and challenges of Higher studies in abroad specially in USA" শিরোনামের উপর বক্তব্য রাখেন উক্ত বিভাগের প্রাক্তন ছাত্র শামীম আহম্মেদ ও ইশতিয়ার হোসেইন।

উক্ত সেমিনার থেকে অর্জিত জ্ঞান ছাত্রছাত্রীদের বাস্তব ও কর্মজীবনে সুফল বয়ে আনবে বলে মনে করেন বিশেষজ্ঞরা।

# একাডেমিক ভবন 'ডি' এর ক্যাপসুল লিফট উদ্বোধন

গত ২৭ সেপ্টেম্বর বিকাল ৩টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন 'ডি' এর ক্যাপসুল লিফট-এর উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।



একাডেমিক ভবন 'ডি' এর ক্যাপসুল লিফট উদ্বোধনের মুহূর্ত

এসময় সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সকলের জন্য মানসম্পন্ন শিক্ষা ও গবেষণা পরিবেশ নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরই ধারবাহিকতায় বয়স্ক শিক্ষক ও কর্মকর্তা এবং শারীরিক সীমাবদ্ধতা সম্পন্ন শিক্ষার্থীদের প্রয়োজনের বিষয়টি বিবেচনা করে লিফটের ব্যবস্থা করা হয়েছে। এতে তাদের কষ্ট লাঘব হবে।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান, শাবি অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ, প্রধান প্রকৌশলী প্রমুখ।

# একাডেমিক ভবন 'বি'এর ক্যাপসুল লিফট উদ্বোধন

গত ৩০ নভেম্বর সকাল সাড়ে ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন 'বি'এর ক্যাপসুল লিফট উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. জহির বিন আলম, স্কুল অব এপ্লাইড সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো আরিফুল ইসলাম, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. কামরুল ইসলাম, স্কুল অব সোশ্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. দিলারা রহমান, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. স্বপন কুমার সরকারসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, হল প্রভোস্ট, দপ্তর প্রধানসহ অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।



ভর্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করছেন প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

# প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের ক্যাম্পাসে ভর্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন

গত ২০ আগস্ট GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ক্যাম্পাসে ভর্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

এদিকে গত ১৩ আগস্ট GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ক্যাম্পাসে ভর্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় ভর্তি কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার ও সদস্য সচিব সহযোগী অধ্যাপক ইসরাত ইবনে ইসমাইল প্রমুখ উপস্থিত ছিলেন। শান্তিপূর্ণ পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।




ড. ছদরুদ্দিন আহমদ চৌধুরী স্মারক বক্তৃতা অনুষ্ঠানে অতিথিবৃন্দ

## ড. ছদরুদ্দিন আহমদ চৌধুরী স্মারক বক্তৃতা

গত ১৪ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে ড. ছদরুদ্দিন আহমেদ চৌধুরী স্মারক বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করে শাবিপ্রবি কর্তৃপক্ষ। অনুষ্ঠানে স্মারক বক্তা হিসাবে উপস্থিত ছিলেন ULAB এর ভিজিটিং রিসার্চ ফেলো ড. হাসিব মো. ইরফানুল্লাহ। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ারুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন ছদরুদ্দিন আহমদ চৌধুরী ট্রাস্টের অন্যতম ধারক ও ড. ছদরুদ্দিন আহমেদ চৌধুরীর কন্যা প্রফেসর ড. নাজিয়া চৌধুরী। এছাড়া অনুষ্ঠানে ২০১৯ সালের জন্য Sultana N. Nahar and Alburuj R. Rahman Trust-এর Award/prize প্রাপ্তদের মধ্যে সনদ বিতরণ করা হয়। ২০১৯ সালের ৩টি ক্যাটাগরির মধ্যে ২টি ক্যাটাগরিতে দুইজন শিক্ষক এবং ১টি ক্যাটাগরিতে একজন ছাত্রকে পুরস্কারে সম্মানীত করা হয়। Sultana N. Nahar Distinguished Teacher of the year 2019 award পেয়েছেন পদার্থবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. সৈয়দ বদিউজ্জামান ফারুক। Sultana N. Nahar best Teacher of the Year 2019 পুরস্কার পান পদার্থবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. আবদুল হান্নান। Alburuj R. Rahman best thesis prize in Physics 2019 এর award পেয়েছেন পদার্থবিজ্ঞান বিভাগের পিএইচডি ছাত্র ড. তারেক হোসেন।

উল্লেখ্য, 'ছদরুদ্দিন আহমদ চৌধুরী ট্রাস্ট' শাবিপ্রবিতে প্রতি বছর স্মারক বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করে এবং Sultana N. Nahar and Alburuj R. Rahman Trust-এর উদ্যোগে পদার্থবিজ্ঞান বিভাগে উল্লেখিত ৩টি ক্যাটাগরীতে সনদ (award/prize) প্রদান করা হয়ে থাকে। এছাড়াও প্রতিবছর 'ছদরুদ্দিন আহমদ চৌধুরী ট্রাস্ট' এর উদ্যোগে পদার্থবিজ্ঞান বিভাগে বৃত্তি প্রদান করা হয়ে থাকে।

## ভাইস চ্যান্সেলর পদক ২০২১ প্রদান

গত ০৮ আগস্ট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-



পদক প্রদান করছেন ভাইস চ্যান্সেলর

২ এর সিন্ডিকেট সভা কক্ষে ভাইস চ্যান্সেলর পদক-২০২১ এর ক্রেস্ট ও চেক প্রদান করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ বছর এপ্লাইড সায়েন্স এন্ড টেকনোলজি ক্যাটাগরিতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্সেস বিভাগের প্রফেসর ড. মো. তামেজ উদ্দিন, লাইফ সায়েন্স ক্যাটাগরিতে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ জাকির হোসেন এবং ফিজিক্যাল সায়েন্সেস ক্যাটাগরিতে ওশেনোগ্রাফি বিভাগের সহকারী অধ্যাপক ড. সুব্রত সরকার ভাইস চ্যান্সেলর পদক অর্জন করেন।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর পদকপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, একটি বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক মানসম্পন্ন করতে গবেষণা বৃদ্ধির বিকল্প নেই। এই লক্ষ্য অর্জনে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। এরই ধারাবাহিকতায় ১ কোটি টাকার গবেষণা বাজেট ৮ কোটি টাকায় উন্নীত করা হয়েছে। আগামী বছরে গবেষণা বরাদ্দ ১০ কোটি টাকায় উন্নীত করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। আমরা প্রত্যাশা করি ভাইস চ্যান্সলর পদক এ বিশ্ববিদ্যালয়ের গবেষকদের আরো উজ্জীবিত করতে কার্যকরী ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ফিজিক্যাল সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, সাস্ট রিসার্চ সেন্টারের সদস্য প্রফেসর ড. এ জেড এম মঞ্জুর রশিদ, প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান এবং প্রফেসর ড. মো. মনিরুল ইসলাম।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম।




ফরেস্ট্রি বিভাগে নার্সারি ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালায় ভাইস চ্যান্সেলর

## ফরেস্ট্রি বিভাগে ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠিত

গত ৫ সেপ্টেম্বর সকাল সাড়ে ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের আয়োজনে 'Training on Nursery Establishment and Management at SUST' শীর্ষক পাঁচদিনব্যাপী কর্মশালা শুরু হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে অধিকতর উন্নয়ন প্রকল্প চলমান। যে কোন টেকসই উন্নয়ন পরিবেশকে উপেক্ষা করে হতে পারে না। সেজন্যই বিশ্ববিদ্যালয়কে পরিবেশ গত সুরক্ষার সকল দিক বিবেচনায় রেখে ইতোমধ্যে ৫০ হাজার বৃক্ষ রোপন করা হয়েছে। ভাল মানের গাছের চারা বনায়নে গুরুত্বপূর্ণ। এ বিশ্বদ্যিালয়ে নার্সারি স্থাপিত হলে এ বিশ্ববিদ্যালয় দারুনভাবে উপকৃত হবে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ডিন, প্রফেসর ড. স্বপন কুমার সরকার, বাংলাদেশ বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা মো. তৌফিকুল ইসলাম, ইউএস বন সার্ভিসের

ক্যাম্পাস প্রোগ্রামের প্রোগ্রাম লিডার ড. আবু মোস্তফা কামাল উদ্দিন।

স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. মো. কামরুজ্জামান চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্টাল সায়েন্স বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. রুমেল আহমেদ এবং সঞ্চালনা করেন প্রফেসর ড. ফারজানা রায়হান।




এক্রিডিটেশন বিষয়ক কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

## এক্রিডিটেশন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

গত ৭ সেপ্টেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে 'Workshop on Bangladesh National Qualifications Framwork (BNQF) and Accreditation Standard and Criteria' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, দেশের সকল বিশ্ববিদ্যালয়কে সুনির্দিষ্ট রূপরেখায় নিয়ে আসতে ২০১৭ সালে বাংলাদেশ এক্রিডিটেশান কাউন্সিল গঠিত হয়েছে। বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্কের বিভিন্ন মানদণ্ডে বিচার বিশ্লেষণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলোকে র‍্যাংকিং করা হবে। আমরা শিক্ষা, গবেষণা, সুশাসনে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে রোল মডেল। এ সফলতার ধারাবাহিকতা বজায় রাখতে আজকের এই কর্মশালা কার্যকরী ভূমিকা পালন করবে।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মুহাম্মদ মুহসিন আজিজ খানের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক সহযোগী অধ্যাপক মো. ইশরাত ইবনে ইসমাইল। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক সহযোগী অধ্যাপক ড. মো. মাহবুবুল হাকিম।

কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এক্রিডিটেশান কাউন্সিলের সদস্য প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী এবং প্রফেসর ড. এস এম কবির।

কর্মশালায় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধানসহ শতাধিক শিক্ষক অংশগ্রহণ করেন।

## সৈয়দ মুজতবা আলী কর্নার চালু

গত ১৩ সেপ্টেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সৈয়দ মুজতবা আলী হলে সৈয়দ মুজতবা আলীর জন্মদিন উপলক্ষে "সৈয়দ মুজতবা আলী কর্নার" উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

উদ্বোধন শেষে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রধান অতিথির বক্তব্যে বলেন, সৈয়দ মুজতবা আলী ছিলেন বরেণ্য লেখক। তাঁর প্রতি সম্মান রেখে আজকের এই আয়োজন ভবিষ্যত প্রজন্মের জ্ঞানের পিপাসা মেটাতে কার্যকরী ভূমিকা পালন করবে। ইতোমধ্যে হলের শিক্ষার্থীদের সকল সুযোগ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন হল প্রশাসনের মাধ্যমে



সৈয়দ মুজতবা আলী কর্নার উদ্বোধন অনুষ্ঠান

নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এখন প্রয়োজন সকলের সহযোগিতা।

এসময় উপস্থিত ছিলেন সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু সাঈদ আরেফিন খান, সহকারী প্রভোস্ট মো. আবুবকর সিদ্দিকি, সহকারী প্রভোস্ট মাহমুদুল হাসান।

## ভাইস চ্যান্সেলরের সাথে আমেরিকান দূতাবাসের রিজিওনাল ইংলিশ ল্যাংগুয়েজ অফিসারের সৌজন্য সাক্ষাৎ

গত ৩১ আগস্ট সকাল ১০টা ৩০ মিনিটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত আমেরিকান দূতাবাসের রিজিওনাল ইংলিশ ল্যাংগুয়েজ অফিসার ড. নাবিলা মাসুমি। এসময় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বাংলাদেশের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়। এ বছর আমরা ২য় বারের মত ২২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজন করছি। তাছাড়াও এ বিশ্ববিদ্যালয় প্রথম অনলাইন ভর্তি কার্যক্রম শুরু করে, দেশের প্রথম বাংলা সার্চ ইঞ্জিন পিপীলিকার উদ্ভাবন করে এবং দেশ সেরা ডিজিটাল বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃত। এ বিশ্ববিদ্যালয় সুশাসনের জন্য অন্যতম রোল মডেল। ইতোমধ্যে গবেষণায় বাজেট বৃদ্ধি করা হয়েছে আট গুণ। যার ফলাফল স্বরূপ এ বছর সাতশতর অধিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. হোসেন আল মামুন, প্রক্টর ইশরাত ইবনে ইসমাইল, ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজের পরিচালক প্রফেসর ড. আলমগীর তৈমুর, আমেরিকান দূতাবাসের ইংলিশ ল্যাংগুয়েজ কো-অর্ডিনেটর শাওন কর্মকার, রিজিওনাল ইংলিশ ল্যাংগুয়েজ প্রোগ্রাম স্পেশালিস্ট বিশ্ব রাজ গৌতম।



ভাইস চ্যান্সেলরের সাথে আমেরিকান দূতাবাসের কর্মকর্তা ও শাবিপ্রবির ইংরেজি বিভাগের শিক্ষকবৃন্দ



ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের অফিসে জার্মান রাষ্ট্রদূত

## ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে জার্মান রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

গত ৩১ আগস্ট দুপুর ১২টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত আখিন ট্রস্টার এবং রাষ্ট্রদূতের সহধর্মিণী বেটিনা ট্রস্টার।

সাক্ষাতকালে রাষ্ট্রদূত আখিন ট্রস্টার বলেন, দেশের প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে আমরা এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গবেষণা প্রকল্পে সম্মিলিতভাবে আগামী দিনে কাজ করবো। তিনি বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করে সঠিক নেতৃত্বের জন্য ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদের ভূয়সী প্রশংসা করেন।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজির বিভাগীয় প্রধান ড. মোহাম্মদ আবদুল্লা-আল-সোয়েব, সহযোগী অধ্যাপক ড. অজিত ঘোষ।



ব্যবসায় প্রশাসন বিভাগে কারিকুলাম সংক্রান্ত ওয়ার্কশপ অনুষ্ঠান

## ব্যবসায় প্রশাসন বিভাগে কারিকুলাম সংক্রান্ত ওয়ার্কশপ অনুষ্ঠিত

ব্যবসায় প্রশাসন বিভাগে গত ১৮ অক্টোবর "Workshop on OBE Curriculum Design, Development and Delivery" শীর্ষক দিনব্যাপী ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের নির্দেশনা মোতাবেক আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামসমূহের কারিকুলাম প্রণয়ন ও উন্নয়নের লক্ষ্যে আইকিউএসির সহযোগিতায় ও বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম এবং আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মুহাম্মদ মুহসিন আজিজ খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান প্রফেসর ড. মাজহারুল হাসান মজুমদার। সঞ্চালনা করেন বিভাগের কারিকুলাম প্রণয়ন সংক্রান্ত কমিটির ফোকাল পয়েন্ট প্রফেসর ড. মো. আব্দুল হামিদ।

রিসোর্স পার্সন হিসেবে ওয়ার্কশপটি পরিচালনা করেন আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর প্রফেসর ড. ফারহিন হাছান। উক্ত কর্মশালায় বিভাগের শিক্ষকমণ্ডলী অংশগ্রহণ করেন। কর্মশালায় বিভাগের শিক্ষকমণ্ডলী অংশগ্রহণ করেন।

## বাংলা বিভাগে বিদায় সংবর্ধনা, সাংস্কৃতিক সন্ধ্যা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত



বাংলা বিভাগে বিদায় সংবর্ধনা, সাংস্কৃতিক সন্ধ্যা ও পুরস্কার বিতরণ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের মাস্টার্স (২০২০-২০২১) ব্যাচের শিক্ষার্থীদের গত ১২ সেপ্টেম্বর সোমবার বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

এতে বিদায়ী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদানের পাশাপাশি বাংলা সমিতির আয়োজনে ক্রীড়া সপ্তাহের পুরস্কার বিতরণ, বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ, বাংলা সমিতির সদস্যদের সার্টিফিকেট বিতরণ ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়।

এই সম্মিলিত অনুষ্ঠানকে বাংলা বর্ণমালার শেষ অক্ষর 'চন্দ্রবিন্দু'র নামে নামকরণ করা হয়। অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্য বক্তব্য রাখেন বিভাগীয় প্রধান ও অনুষ্ঠানের সভাপতি প্রফেসর ড. ফারজানা সিদ্দিকা, প্রফেসর ড. শরদিন্দু ভট্টাচার্য, প্রফেসর ড. মো. জফির উদ্দিন, প্রফেসর ড. মো. ফয়জুল হক, সহকারী অধ্যাপক মো. আবু বকর সিদ্দিক, বাংলা অ্যালামনাইয়ের সভাপতি আতাউর রহমান, বাংলা সমিতির সহ-সভাপতি ওমর ফারুকসহ অন্য শিক্ষার্থীরা।

## জার্মান রাষ্ট্রদূতের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ পরিদর্শন

গত ৩১ আগস্ট জার্মান রাষ্ট্রদূত আখিন ট্রস্টার এবং তার সহধর্মিণী বেটিনা ট্রস্টার বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে জার্মানির Alexander Von Humboldt Foundation এর বরাদ্দকৃত গবেষণা প্রকল্প থেকে ক্রয়কৃত যন্ত্রপাতি হস্তান্তর করেন। বিএমবি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অতিথিদের বরণ করেন।

উল্লেখ্য, বিএমবি বিভাগের সহযোগী অধ্যাপক ড. অজিত ঘোষ জার্মানির



বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে জার্মান রাষ্ট্রদূত

বিশ্ববিখ্যাত Max Planck Institute for Plant Breeding Research থেকে মর্যাদাপূর্ণ Alexander Von Humboldt Postdoctoral Research Fellowship এর সহায়তায় সফল গবেষণা সম্পন্ন করে শাবিপ্রবিতে কর্মরত আছেন। এরই ধারাবাহিকতায় ড. অজিত ঘোষ অত্যন্ত প্রতিযোগিতামূলক Alexander Von Humboldt Foundation এর ২০হাজার ইউরো মূল্যমানের একটি রিসার্চ ইকুইপমেন্ট গ্র্যান্ট পান। প্রাপ্ত অর্থ থেকে একটি আধুনিক PCR মেশিন, একটি তাপমাত্রা নিয়ন্ত্রিত Centrifuge মেশিন, একটি Clean Bench ও একটি DNA Gel Electrophoresis সিস্টেম ক্রয় করা হয়। ক্রয়কৃত আধুনিক যন্ত্রপাতির পরিপূর্ণ ব্যবহার চলমান গবেষণা প্রকল্প (উদ্ভিদের খরা ও লবণাক্ততা সহিষ্ণুতা প্রদানকারী জিন সনাক্তকরণ) সহ ভবিষ্যৎ গবেষণা প্রকল্প প্রণয়ন ও বিভাগের নিয়মিত ব্যাবহারিক কোর্স সম্পন্ন করতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। এ ধরনের গবেষণা বিএমবি বিভাগ এবং বিশ্ববিদ্যালয়ের সুনাম বৃদ্ধি ও আন্তর্জাতিক কোলাবোরেশন গঠনে ব্যাপকভাবে সহায়তা করবে বলে আশা করা হয়।

বরাদ্দকৃত গবেষণা প্রকল্প থেকে ক্রয়কৃত যন্ত্রপাতি হস্তান্তর এবং বিভাগের গবেষণাগার পরিদর্শন করেন রাষ্ট্রদূত ও তার সহধর্মিণী। এসময় তারা শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর, কোষাধ্যক্ষ, রিসার্চ সেন্টারের পরিচালক, Humboldt Fellow সিইপি বিভাগের প্রফেসর ড. আখতারুল ইসলাম, বিএমবি বিভাগের সকল শিক্ষকবৃন্দ এবং বিএমবি বিভাগের চতুর্থ বর্ষ ও মাস্টার্সের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন। দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠানে জার্মান রাষ্ট্রদূত আখিম ট্রস্টার বিএমবি বিভাগের গবেষণা ও শিক্ষার মান নিয়ে সন্তোষ প্রকাশ করেন। পরে জার্মান রাষ্ট্রদূত আখিম ট্রস্টার এবং তার সহধর্মিণী ক্যাম্পাস ঘুরে দেখেন।

## শাবিপ্রবির সিইই এবং বুয়েটের আইটিএন-এর যৌথ উদ্যোগে কর্মশালা অনুষ্ঠিত

গত ২৬ ও ২৭ আগষ্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর অধীনে ইন্টারন্যাশনাল ট্রেনিং নেটওয়ার্ক (আইটিএন) এর সহযোগিতায় প্রথমবারের মতো শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) এর সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (সিইই) বিভাগ "Fecal Sludge Management in Cities: An Element of City-Wide Inclusive Sanitation" শীর্ষক একটি ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজন করে।

কর্মশালাটি শাবিপ্রবির অধিভুক্ত সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে অনুষ্ঠিত হয়। শাবিপ্রবির জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট বিভাগের ১৮জন এবং সিইই বিভাগের ৭জন শিক্ষার্থীসহ সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের সিই বিভাগের ৭ জন শিক্ষার্থী এই কর্মশালায় অংশগ্রহণ করে। শাবিপ্রবির সিইই বিভাগের ৪জন মাস্টার ট্রেইনার কর্মশালা পরিচালনা করেন। এতে অন্যান্য পেশাদার ইঞ্জিনিয়ার কর্তৃক দুইটি কেস স্টাডি উপস্থাপন করা হয়।

সিইই-সাস্ট এবং আইটিএন-বুয়েট সহযোগিতা কার্যক্রমের ফোকাল পারসন ছিলেন শাবিপ্রবির সিইই বিভাগের প্রফেসর ড. মো. ইমরান কবির। তিনি কর্মশালার উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠান উপস্থাপনা ও পরিচালনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সিইই বিভাগের বিভাগীয় প্রধানসহ সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষ উপস্থিত থেকে শিক্ষার্থীদের স্বাগত জানান।



শাবিপ্রবির সিইই এবং বুয়েটের আইটিএন-এর যৌথ উদ্যোগে কর্মশালা

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন শাবিপ্রবির সিইই বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আজিজুল হক, প্রফেসর ড. মো. ইমরান কবির, প্রফেসর ড. বিজিত কুমার বণিক, ইউনিসেফের ওয়াশ অফিসার ইঞ্জিনিয়ার মো. রিয়াজুল ইসলাম এবং সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের সিই বিভাগের শিক্ষক ইঞ্জিনিয়ার মুহাম্মদ আতিকুল হাসান। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন।

## গণিত বিভাগে Night of Mathematician অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ২৮তম ব্যাচের শিক্ষার্থীদের আয়োজনে এবং শাবিপ্রবি গণিত সমিতির পৃষ্ঠপোষকতায় গত ২০ সেপ্টেম্বর সেন্ট্রাল অডিটরিয়ামে Night of Mathematician, ২০২২ অনুষ্ঠিত হয়। গণিত বিভাগের শিক্ষকমণ্ডলী, বিভাগের বর্তমান ও সাবেক শিক্ষার্থী এবং অন্যান্য বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠানটি অত্যন্ত আনন্দময় হয়ে ওঠে।

শাবিপ্রবি গণিত বিভাগ গতানুগতিক শিক্ষা কার্যক্রমের মাঝে কিছুটা বিরতির জন্য প্রতিবছর এই ধরনের আয়োজন করে থাকে। বিভাগের শিক্ষার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এই আয়োজন।



গণিত বিভাগে Night of Mathematician অনুষ্ঠানের একটি পর্ব

## নিয়োগ ও আপগ্রেডেশন

### শিক্ষক ও কর্মকর্তাদের নামের তালিকা

**জুলাই-সেপ্টেম্বর, ২০২২**

**নিয়োগপ্রাপ্ত শিক্ষক:** ড. মো. শাহজাহান মিয়া, সহযোগী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব মো. গিয়াস উদ্দিন খান, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ; ড. মো. রাশেদুজ্জামান, সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ; জনাব মোস্তফা রাফিদ, প্রভাষক, এমইই বিভাগ এবং জনাব মো. শরীফুল ইসলাম, প্রভাষক, ইইই বিভাগ।

**আপগ্রেডেশনপ্রাপ্ত শিক্ষক:** ড. মোহাম্মদ মাসুদ আলম, অধ্যাপক, অর্থনীতি বিভাগ; জনাব মোহাম্মদ মোস্তফা কামাল, অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ; ড. মো. বশিরুল হক, অধ্যাপক, সিইই বিভাগ; ড. মোহাম্মদ সাইফুল আলম আমিন, অধ্যাপক, সিইপি বিভাগ; ড. মোসাম্মৎ কামরুন নেছা, অধ্যাপক, পরিসংখ্যান বিভাগ; জনাব মোহাম্মদ শাহাদাত হোসেন চৌধুরী, সহযোগী অধ্যাপক, রসায়ন বিভাগ; জনাব রামকৃষ্ণ সাহা, সহযোগী অধ্যাপক, রসায়ন বিভাগ; ড. সৈয়দ মো. ওমর ফারুক, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ; জনাব অভিজিৎ চক্রবর্তী অয়ন, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ এবং জনাব আয়েশা ফেরদৌস মিতা, সহকারী অধ্যাপক, সিইই বিভাগ।

**নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের নামের তালিকা:** জনাব মো. নাজমুল হোসেইন, অতিরিক্ত হিসাব পরিচালক, হিসাব দপ্তর; জনাব আব্দুল শহীদ, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর; জনাব নাজমা বেগম, সহকারী পরীক্ষা

নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর; জনাব মো. শহিদুর রহমান খান, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (আইসিটি সেল), কম্পিউটার ও তথ্য কেন্দ্র; জনাব রাজন সাহা রাজু, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (আইসিটি সেল), কম্পিউটার ও তথ্য কেন্দ্র এবং জনাব মো. রমজান আলী, টেকনোলজিস্ট, সেন্টার অব এক্সিলেন্স।

**আপগ্রেডেশনপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ:** জনাব মোহাম্মদ মুর্শেদ আহমেদ, অতিরিক্ত হিসাব পরিচালক, হিসাব দপ্তর; জনাব মো. হাবিবুর রহমান, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর; জনাব মো. হারিছ আলী, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, পদার্থ বিজ্ঞান বিভাগ; জনাব বিপ্লব রঞ্জন দে, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, বিএমবি বিভাগ; জনাব মো. জেমস ওয়াট মন্ডল, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, ইইই বিভাগ এবং জনাব মো. আলী আশরাফ খান, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর।

**অক্টোবর-ডিসেম্বর, ২০২২**

**নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের নামের তালিকা:** জনাব মোহাম্মদ এনামুল হক, প্রভাষক, পরিসংখ্যান বিভাগ; জনাব আব্দুল্লাহ আল ইসলাম, প্রভাষক, পরিসংখ্যান বিভাগ এবং জনাব ইসরাত জাহান, প্রভাষক, পরিসংখ্যান বিভাগ।

## আন্তঃবিভাগ হ্যান্ডবল অনুষ্ঠিত

গত ২৩ নভেম্বর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের আন্তঃবিভাগ হ্যান্ডবলে ছেলেদের গ্রুপে গণিত বিভাগ এবং মেয়েদের গ্রুপে পাবলিক এডমিনিস্ট্রেশন বিভাগ চ্যাম্পিয়ন হয়।

ক্যাম্পাসে হ্যান্ডবল গ্রাউন্ডে অনুষ্ঠিত ছেলেদের খেলায় গণিত বিভাগ ১২-১০ গোলে অর্থনীতি বিভাগকে এবং মেয়েদের খেলায় পাবলিক এডমিনিস্ট্রেশন বিভাগ ২-০ গোলে অর্থনীতি বিভাগকে পরাজিত করে।

খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম চ্যাম্পিয়ান ও রানারআপ দলের হাতে ট্রফি তুলে দেন। এসময় তিনি বলেন, বর্তমানে ক্যাম্পাসে খেলাধুলার একটি সুন্দর পরিবেশ বিরাজ করছে। এ সুন্দর পরিবেশ যাতে বিঘ্নিত না হয় সে ব্যাপারে সবাইকে সচেতন ও আন্তরিক থাকতে হবে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তব্য রাখেন খেলাধুলা ও সাংস্কৃতিক উপকমিটির সভাপতি প্রফেসর আমিনা পারভীন এবং শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ বিন আম্বিয়া।

পুরস্কার বিতরণী অনুষ্ঠান সঞ্চালনা করেন শারীরিক শিক্ষা দপ্তরের উপপরিচালক মেহের আরা বেগম।

## বিশ্ববিদ্যালয় ক্লাবের টেনিস কোর্টের উদ্বোধন

গত ২৫ অক্টোবর সকাল ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্লাবের টেনিস কোর্ট-এর উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।



টেনিস কোর্ট-এর উদ্বোধন করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

ক্লাব ভবনের পাশে টেনিস কোর্টের উদ্বোধনী অনুষ্ঠানের সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, আমার দায়িত্ব গ্রহণের পর থেকেই বিশ্ববিদ্যালয় ক্লাবকে আধুনিকায়নের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন নানামুখি পদক্ষেপ নিয়েছে। তন্মধ্যে এই টেনিস কোর্ট অন্যতম। মোট ৫০ লক্ষ টাকা ব্যয়ে বিশ্বদ্যািলয় ক্লাব টেনিস কোর্টটি নির্মিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ভবন এবং গবেষণাগার নির্মাণের শীঘ্রই ১০তলা এক ভবন নির্মাণের কাজ শুরু হবে। এতে ৪টি ফ্লোরে থাকবে বিশ্ববিদ্যালয় ক্লাব ও অন্য ফ্লোরগুলো গেস্ট হাউজ হিসেবে ব্যবহৃত হবে।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, বিশ্ববিদ্যালয় ক্লাবের সভাপতি প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, বিশ্ববিদ্যালয় ক্লাবের সাধারণ সম্পাদক প্রফেসর ড. রেজওয়ান আহমেদ, বিভিন্ন ইনস্টিটিউট সমূহের পরিচালক, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান, প্রধান প্রকৌশলীসহ বিভিন্ন দপ্তর প্রধানগণ।

টেনিস কোর্ট উদ্বোধন শেষে ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয় ক্লাব বার্ষিক ইনডোর প্রতিযোগিতার উদ্বোধন করেন।

## গ্রেটার ম্যানচেস্টারের প্রতিনিধিবৃন্দের শাবিপ্রবি পরিদর্শন

গত ৮ অক্টোবর যুক্তরাজ্যের গ্রেটার ম্যানচেস্টার কাউন্সিলের প্রতিনিধিবৃন্দ ও গ্রেটার ম্যানচেস্টারের চার বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিবৃন্দ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন এবং বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের সাথে মতবিনিময় করেন।

সকাল সাড়ে ১০টায় তারা ক্যাম্পাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন ও ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার ক্যাম্পাসে তাদেরকে স্বাগত জানান।

পরে ভাইস চ্যান্সেলরের সভাকক্ষে প্রফেসর ড. মো. রাশেদ তালুকদারের সভাপতিত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। যুক্তরাজ্যের গ্রেটার ম্যানচেস্টারের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে কীভাবে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে সহযোগিতার সম্পর্ক (কোলাবোরেশন) তৈরি করা যায় সে ব্যাপারে মতবিনিময় সভায় আলোচনা করা হয়। উভয়পক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে একটি যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের ব্যাপারে উভয়পক্ষ সম্মত হন। উক্ত গ্রুপ পরবর্তী ফ্রেমওয়ার্ক তৈরি করবে।

মতবিনিময় সভায় ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর আমিনা পারভীন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. কামরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. আখতারুল ইসলাম, সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মো. মস্তাবুর রহমান এবং মেডিকেল সেন্টারের পরিচালক প্রফেসর ড. মো. কবির হোসেন বক্তব্য রাখেন। সভা পরিচালনা করেন প্রক্টর সহযোগী অধ্যাপক ইশরাত ইবনে ইসমাইল।

মতবিনিময় সভায় বৃটিশ প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন ওল্ডহাম কাউন্সিলের ডেপুটি লিডার Councilor Abdul Jabbar, গ্রেটার ম্যানচেস্টার কমবাইন্ড অথরিটির প্রিন্সিপাল Maria Gonzalez, সেলফোর্ড ইউনিভার্সিটির এসোসিয়েট ডাইরেক্টর Nancy Cooke, এডমিশন ডাইরেক্টর Gillian Colgan, বোল্টন ইউনিভার্সিটির প্রভোস্ট Zubair Hanslot, বোল্টন ইউনিভার্সিটির আন্তর্জাতিক বিষয়ক প্রধান Ahmad Khan, ইউনিভার্সিটি অব ম্যানচেস্টারের Professor Dr Jo Hart I Professor Dr Lucie Byrne Davis এবং ম্যানচেস্টার মেট্রোপলিটন ইউনিভার্সিটির ইন্টারন্যাশন্যাল রিক্রুটমেন্ট ম্যানেজার Jonathan Pitt.

সভা শেষে ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার বৃটিশ প্রতিনিধি দলের সদস্যদের নিয়ে বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরি, মেডিকেল সেন্টার এবং বিভিন্ন গবেষণা ল্যাব পরিদর্শন করেন।



শহিদ বুদ্ধিজীবী দিবসের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## বুদ্ধিজীবী দিবস পালিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে গত ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল কালো ব্যাজ ধারণ, জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা এবং সন্ধ্যায় শহিদ বুদ্ধিজীবী স্মরণে মোমবাতি প্রজ্বলন।

সকাল ৯.০০ টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন। তিনি সকাল ৯.২০ মিনিটে কেন্দ্রীয় শহিদ মিনারে এবং সকাল ১০টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শহিদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, দপ্তর প্রধানগণ সহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্রছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

ভাইস চ্যান্সেলরের শ্রদ্ধাঞ্জলির পর উদযাপন কমিটি, শিক্ষক সমিতি, ডিন'স কোরাম, অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হল প্রশাসন, ছাত্র সংগঠন, সাংস্কৃতিক সংগঠনসমূহ পুষ্পস্তবক অর্পণ করে। পরে সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটরিয়ামে শহিদ বুদ্ধিজীবী স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ১৪ ডিসেম্বর, ১৯৭১ সালে বাংলাদেশের বিজয় সুনিশ্চিত জেনে স্বাধীন বাংলার অগ্রযাত্রাকে মেধাশূন্য করতে পাকিস্তানি হানাদার বাহিনী এ দেশের প্রগতিশীল বুদ্ধিজীবীদের হত্যা করে। আজকের এই দিনে আমি স্মরণ করছি সেই সব বুদ্ধিজীবীদের যারা বেঁচে থাকলে বাংলাদেশ আরো এগিয়ে যেত।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব এপ্লাইড সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রফেসর ড. মো. আবদুল গনি, প্রফেসর ড. তুলসি কুমার দাস, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর আমিনা পারভীন, প্রক্টর ইশরাত ইবনে ইসমাইল, শাবি অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান পারভেজ, শাবি কর্মচারী সমিতির দপ্তর সম্পাদক ফয়সাল খান, কর্মচারী ইউনিয়নের সভাপতি তাজুল ইসলাম, বাংলাদেশ ছাত্রলীগের শাবিপ্রবি শাখার পক্ষ থেকে খলিলুর রহমান, সজিবুর রহমান, মামুন শাহ, সুমন মিয়া, শাবি প্রেস ক্লাবের সহ-সভাপতি রাজিব হোসেন প্রমুখ।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. মোহাম্মদ মিজানুর রহমান খান। সভায় সভাপতিত্ব করেন শাবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম এবং সঞ্চালনা করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

## শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস পালিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে গত ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস পালিত হয়।

সকাল ৯টায় প্রশাসনিক ভবনের সামনে যথারীতি কালোপতাকা ও জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ৯.১০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের পক্ষ থেকে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম পুষ্পস্তবক অর্পণ করেন।

সকাল ৯.৩০ মিনিটে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলামের নেতৃত্বে ক্যাম্পাসে র‌্যালি বের করা হয়। র‌্যালিটি প্রশাসন ভবন থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে পুনরায় প্রশাসন ভবনের সামনে এসে শেষ হয়। সকাল ১০টায় মিনি অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম।

আলোচনা সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রফেসর ড. মো. আবদুল গনি এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর আমিনা পারভীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম।

আলোচনা সভায় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলামের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারের পরিচালক প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রফেসর ড. সৈয়দ আশরাফুর রহমান, প্রফেসর ড. মো. ফরহাদ হাওলাদার, কর্মকর্তাদের পক্ষ থেকে মৃন্ময় দাস ঝুটন, কর্মচারী ইউনিয়নের পক্ষ থেকে সভাপতি তাজুল ইসলাম এবং বাংলাদেশ ছাত্রলীগ শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখার পক্ষ থেকে খলিলুর রহমান, সাজিবুর রহমান, মামুন শাহ, মাহবুব হোসেন, তারেক হাসিমি প্রমুখ।

মিনি অডিটরিয়ামে আলোচনা সভা সঞ্চালনা করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।




শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবসে ক্যাম্পাসে শোকর‌্যালি

**মুদ্রণ ও প্রকাশনা কমিটি**

সভাপতি
**প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম**, পিএএস বিভাগ

সদস্য
**ড. মুনশী নাসের ইবনে আফজাল**, সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ
**জনাব তাসনিয়া মিজান চৌধুরী**, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ
**জনাব সানজিদা সুলতানা জেরিন**, প্রভাষক, সমাজবিজ্ঞান বিভাগ

সদস্য-সচিব
**মো. নুরুল আমীন**, সহকারী রেজিস্ট্রার, জনসংযোগ শাখা

প্রকাশনায় : জনসংযোগ শাখা, রেজিস্ট্রার দপ্তর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট। ফোন : পিএবিএক্স : +৮৮-০৮২১-৭১৩৪৯১, ৭১৪৪৭৯, ৭১৩৮৫০, ৭১৬১২৩; ফ্যাক্স : +৮৮-০৮২১-৭১৫২৫৭; ই-মেইল : sustbarta@sust.edu; ওয়েবসাইট : www.sust.edu। মুদ্রণে : ছাপাকালার, মাছুদিঘির পাড়, তালতলা, সিলেট, ফোন : ০১৭১১৩৩৬৪০৭